বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

বিষয়ঃ ইনস্টিটিউটের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী
সভাপতিঃ ড. মোঃ নুরুল্লাহ, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) ও ইনোভেশন অফিসার
সভার স্থানঃ সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখঃ ২৯/০৭/২০১৮ইং
সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

ইনস্টিটিউটের ২০১৮-১৯ অর্থ বছরের ইনোভেশন টিমের মাসিক সভার সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য সূচী	বিস্তারিত আলোচনা	করনীয়
০১।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	ইনস্টিটিউটের ইনোভেশন টিমের সদস্য সচিব বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়টি সভায় উত্থাপন করেন। মন্ত্রীপরিষদ কর্তৃক প্রণীত ছক অনুযায়ী বার্ষিক কর্মপরিকল্পনা সম্পাদন ও উল্লেখিত সময়ের মধ্যে প্রেরণের জন্য ইনোভেশন অফিসার সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৪।	ইনোভেশন কর্মপরিকল্পনায় উল্লেখিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা(২০১৮-১৯) প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০২।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ	ইনোভেশন অফিসার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রীপরিষদ বিভাগে দ্রুত প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া ইনোভেশন টিমের অন্য সদস্যরা সহমত পোষণ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ১।	ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রীপরিষদ বিভাগে দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ	ইনোভেশন সদস্য পরিচালক (অর্থ ও প্রশাসন) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ইনস্টিটিউটের তথ্য বাতায়নে সময়মত হালনাগাদ করার জন্য অভিমত প্রকাশ করেন। এছাড়া ইনোভেশন অফিসারসহ বাকি সদস্যরা সহমত পোষন করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	ইনস্টিটিউটের তথ্য বাতায়নে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সময়মত হালনাগাদ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।
০৪।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাচাইপূর্বক তালিকা প্রকাশ	উদ্ভাবনী ধারণাগুলো যাচাই বাছাই করে তালিকা প্রকাশ করার জন্য ইনোভেশন অফিসার অভিমত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	উদ্ভাবনী ধারণাগুলো যাচাই বাছাই করে তালিকা প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৫।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমুহ আইডিয়া ব্যাংকে (www.ideabank.gov.bd) জমা রাখা	ইনস্টিটিউটের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আইডিয়া ব্যাংকে জমা করার জন্য ইনোভেশন অফিসার গুরুত্বারোপ করেন। সদস্য পরিচালক (অর্থ ও প্রশাসন) বলেন উদ্যোগ বা ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে জমা রাখা খুবই জরুরী। তাই নির্ধারিত সময়ের মধ্যে উদ্যোগ বা ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে জমা করতে হবে। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	ইনস্টিটিউটের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আইডিয়া ব্যাংকে জমা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।
০৬।	মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুত	ইনস্টিটিউটের মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা দ্রুত প্রস্তুত করে ইনস্টিটিউটের তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে হালনাগাদ করার জন্য ইনোভেশন টিমের সকল সদস্য মত প্রকাশ করেন এবং ইনোভেশন অফিসার সদস্যদের মতের সাথে সহমত পোষণ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	ইনস্টিটিউটের মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা দ্রুত প্রস্তুত করে ইনস্টিটিউটের তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৭।	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	ইনোভেশন অফিসার পূর্বের ই-সেবাসমূহের বিল পরিশোধের ব্যাপারে গুরুত্বারোপ করেন। ইনোভেশন অফিসার জানান ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের কর্মসূচক	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের কর্মসূচক বাস্তবায়নের জন্য বিল পরিশোধসহ নতুন ই-সেবা তৈরি করে বরাদ্ধকৃত অর্থ খরচ করার সিদ্ধান্ত গৃহিত

		বাস্তবায়নের জন্য উক্ত বিল পরিশোধ অপরিহায। তাই দ্রুত বিল পরিশোধসহ নতুন ই-সেবা তৈরি করে বরাদ্দকৃত অর্থ ব্যয় বাস্তবায়নের জন্য সভায় সকল সদস্য সহমত পোষন করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	হয়।
০৮।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে নুন্যতম ২টি সমঝোতা স্মারক স্বাক্ষর	ইনোভেশন অফিসার ইনোভেশন সংক্রান্ত কাযক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিত করে সমঝোতা স্মারক সাক্ষরের উপর গুরুত্বারোপ করেন। ইনোভেশন টিমের বাকি সদস্যরাও সহমত পোষন করেন । উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	ইনোভেশন সংক্রান্ত কাযক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিত করে সমঝোতা স্মারক সাক্ষরের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৯।	নূন্যতম ১টি ই-সেবা বাস্তবায়ন করা	ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের সকল সদস্য পিডিএস সফটওয়ারটি ইনস্টিটিউটের নিজস্ব অর্থায়নে ডেভেলাপ করার উপর মতামত পেশ করেন। বর্তমানে বিএআরসি কর্তৃক প্রণীত পিডিএস সফটওয়ারটি ত্রুটিযুক্ত হওয়ায় পিডিএস সফটওয়ারটি নতুন করে ডেভেলাপ করার জন্য সকল সদস্য সহমত পোষন করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৪।	উক্ত সফটওয়্যার তৈরির জন্য প্রকৃত খরচ কত হতে পারে তা জানানোর জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয় ।
১০।	ন্যূনতম ০১টি সেবা পদ্ধতি সহজীকরণ ও বাস্তবায়ন	ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের সকল সদস্য বর্তমানে চালুকৃত সকল কর্মকর্তাদের স্ব স্ব ই-মেইলে মাসিক হিসাব বিবরণী প্রেরণের উপর মত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	সভায় বর্তমানে চালুকৃত সকল কর্মকর্তাদের স্ব স্ব ই-মেইলে মাসিক হিসাব বিবরণী প্রেরণের জন্য উপ-পরিচালক (অর্থ ও হিসাব) কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
১১।	আওতাধীন কেন্দ্র/উপকেন্দ্রের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ	সকল কেন্দ্র ও উপকেন্দ্রের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা দ্রুত সম্পাদন করে ইনস্টিটিউটের সদর দপ্তরে প্রেরণের জন্য ইনোভেশন অফিসার তাগিদ দেন এবং সকল কেন্দ্র ও উপকেন্দ্রে তাগিদপত্র প্রেরণের মত প্রকাশ করেন। ইনোভেশন টিমের বাকি সদস্যরা সহমত পোষন করেন। উক্ত কর্মসম্পাদন সূচকের মান ৩।	সভায় সকল কেন্দ্র ও উপকেন্দ্রে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ নুরুল্লাহ)
পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)
ও ইনোভেশন অফিসার, বামগই, সদর দপ্তর

পত্র নং: ৩৩.০৪.০০০০.১০৫.৭৫.০০২.১৫/
কার্যার্থে ও জ্ঞাথার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১।যুগ্ম-সচিব (ব্লু ইকোনমী), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৪। ড. মোঃ শাহা আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৭। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি

(মোহাম্মদ শহিদ উল্যাহ)
সিষ্টেম এনালিষ্ট
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম, বামগই, সদর দপ্তর